

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ডবন(১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নম্বর ০৫.৮১.০০০০.০০৭.৯৯.০১৫.২৩-২৮৯


তারিখ: ০১/০১/২০২৫

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়: চিকিৎসা অনুদানের আবেদনে প্রতারণা চক্র হতে সাবধান হওয়া সংক্রান্ত

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা/ কর্মচারীগণকে তাঁদের আবেদনের ভিত্তিতে জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসা অনুদান এবং সাধারণ রোগের চিকিৎসা অনুদান প্রদান করা হয়। একশ্রেণির প্রতারণাচক্র বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে (স্বশরীরে/ফোনে/দালাল চক্রের মাধ্যমে) আবেদনকারীকে বিভ্রান্ত করছে এবং অনুদানের টাকা দ্রুত পাইয়ে দেয়ার প্রলোভন দেখিয়ে অর্থ দাবি করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। এ ধরনের কর্মকাণ্ডের মাধ্যমে প্রতারণাচক্র আবেদনকারীদের হয়রানি করাসহ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ করার অপপ্রয়াস চালাচ্ছে। উল্লেখ্য, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কোন আবেদনকারীর সাথে সরাসরি মোবাইল ফোনে যোগাযোগ করে না। আবেদনের বিষয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের প্রয়োজন হলে সফটওয়্যার থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত এসএমএস ও পত্র মারফত যোগাযোগ করা হয়।

০২। উল্লিখিত বিষয় ছাড়াও অন্য কোন প্রতারণা বা অনিয়মের তথ্য পাওয়া গেলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের হট লাইন নম্বর (১৬১০৯) অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কার্যালয়ে প্রমাণকসহ অভিযোগ জানানোর জন্য নির্দেশক্রমে পরামর্শ দেয়া হলো।



(নুরাত আইরিন)

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৮৩৯২১২০

ই-মেইল: directoradmin@bkkb.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
(বিভাগীয় পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০২। অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক.....
(জেলা পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৪। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
- ০৬। উপপরিচালক (প্রশাসন/ উন্নয়ন/ অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার.....
(উপজেলা পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১১। সহকারী পরিচালক (প্রশাসন/ কর্মসূচি/চিকিৎসা সেবা/কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।